**Present- Md. Hasan Zaman, Senior Assistant Judge,**
**Patiya, Chattogram**

**Order No- 22**

**Date-01.09.2022**

Today is fixed for ADR and hearing petition of rejection of plaint and W.O filed by plaintiff.

Both the plaintiff and defendant no. 1 are present by filing hazira.

Now the record is taken up for hearing.

Ld. Advocate for the defendant no. 1 moves before the court the petition under Order VII, Rule -11 of CPC for rejection of the plaint on the ground that the suit is barred by law.

It is alleged by the petitioner the government has already acquired 06 decimals lands of the disputed khatian vide L.A Case no 25/2016-2017 and 35/2017-2018 for the project of Karnafuli Tunnel beneath the Karnafuli River. The plaintiff has no *locus Standi* to bring the present suit since it is barred by section 46 and 47 **of the Acquisition and Requisition of Immovable Property Act 2017.**

Ld Advocate for the plaintiff opposite party vehemently opposed the petition for rejection of plaint. It is claimed by the plaintiff O.P that the plaintiff filed this instant suit for declaration of title and for declaration that the scheduled deeds are forged fabricated and not binding upon the plaintiff. The plaintiff emphasized on the submission that they did neither challenge any proceeding of the L.A case or opposed the decision of award taken by Deputy Commissioner by this suit. So, there is no bar here to entertain the present suit. Ld. Advocate in support of his contention, cited the decision reported in the case of **Jamal Ahmed Vs Humayun Kabir reported in 19 BLC, (2014) HCD 179**.

Before discussing the matter, let us take a view of **Section 46 and 47 of the Acquisition and Requisition of Immovable Property Act 2017.**

**ধারা ৪৬ ঃ সরল বিশ্বাসে কৃত কাজকর্ম রক্ষন** : - এই আইন বা তদধীন প্রনীত বিধির অধীন সরল বিশ্বাসে কৃত কোন কার্যের জন্য কোন ব্যাক্তির বিরুদ্ধে কোন দেওয়ানী বা ফৌজদারী মামলা বা অন্য কোন প্রকার আইনগত কার্যধারা গ্রহন করা যাইবে না।

**ধারা ৪৭ ঃ  মামলা দায়েরের ক্ষেত্রে বিধি নিষেধ :-** আপাতত বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, এই আইন বা তদধীন প্রনীত বিধির অধীন প্রদত্ত কোন আদেশ বা গৃহীত কোন ব্যবস্থার বিরুদ্ধে , এই আইনের অধীন কোন ব্যবস্থা গ্রহন ব্যাতীত, অন্য কোন আদালতে কোন প্রকার মামলা দায়ের বা আরজি পেশ করা যাইবে না এবং কোন আদালত উক্তরুপ কোন আদেশ বা ব্যবস্থা সম্পর্কে কোন প্রকার আদেশ বা নিষেধাজ্ঞা জারি করিতে পারিবে না।

In view of  sections, submissions of both parties, contents of plaint and the decision cited, it appears that the plaintiffs have filed this instant suit for declaration of title and for declaration that the deeds mentioned in the prayer is forged fabricated and not binding upon them. It is admitted by both parties that the suit plot no.1571 contains 22 decimals land out of which 6 decimals land has been acquired by the Government for the project of **Karnafuli Tunnel. The plaintiff has prayed his title in the same plot. It appears that the plaintiff did neither challenge any proceeding of the** L.A Case no 25/2016-2017 and 35/2017-2018 nor the award determined by Deputy Commissioner. He just challenged the title of the defendants in the suit property by this suit. The decision cited by the plaintiff in this regard is very much relevant. In the above suit Hon'ble HCD took the decision that **Ò LA proceeding cannot be challenged in civil jurisdiction but the title of the parties who are entitled to compensation that can be decided by civil court."**

Thus considering above discussion and decision, it is my considered view that it cannot be said that this suit is barred by **Section 46 and 47 of the Acquisition and Requisition of Immovable Property Act 2017 since the plaintiff did neither challenge any proceeding of the** L.A Case nor the award fixed by the Deputy Commissioner in this suit.

The plaint cannot be rejected as the court is to look into the statements of the plaint alone. The plaint does not show any such statement by which it can be inferred that the suit is barred by law. It is now well settled that in considering an application filed under order 7 Rule 11 of the code there is no chance for the court to go beyond the averments made by the plaintiff in his plaint. Even there is no scope here to take into consideration any facts stated in the written statements or any documents produced by the defendants. From a reading of the averments made by the plaintiff in their plaint and the reliefs claimed in the suit I am of the opinion that the contents of the plaint do disclose the cause of action for filing the suit. I find nothing in the plaint to suggest that the suit is barred by any law. The petition for rejection of plaint bears no legs to stand.

Court Fee paid is correct.

Hence

It is Ordered

This petition dated 20.01.2022 under order 7 Rule 11 of the Code is hereby rejected without any order as to cost.

**Dictated & Corrected by me**.

Senior Asst. Judge**, 2nd** Court. Senior Asst. Judge**, 2nd** Court,

Patiya, Chattogram. Patiya, Chattogram

**Present- Md. Hasan Zaman, Senior Assistant Judge,**
**Patiya, Chattogram**

**Order No- 33**

**Date-27.06.2022**

Today is fixed for hearing of petition under Order VII, Rule -11 of CPC praying for rejection of plaint.

Now the record is taken up for hearing.

Ld. Advocate for the plaintiff petitioner moves before the court the petition under Order VII, Rule -11 of CPC for rejection of the plaint on the ground that the suit is barred by res-judicata and limitation.

The record is taken for order. Heard learned advocate for both parties. Perused the petition under Order VII Rule-11 of CPC and the plaint.

On perusal of the plaint it appears that the plaintiff opposite party filed the instant suit being **Other Class Suit No. 117 of 2014** praying for declaration that that BS Khatian concerning schedule land of plaint erroneously recorded and the mutation khatian wrongly obtained. The petitioner prayed for rejection of the plaint on the ground that the suit is barred by res judicata as well as law of limitation .The petitioner submitted that this the scheduled land of the plaint was the suit property of Other Suit No. 219 of 1987 wherein the plaintiffs were made parties and contested the same by filing WS. That suit was finally disposed of by way of dismissal. Against the order and judgment the defendant no.1 of this suit preferred appeal before the learned 2nd Jonit District Judge and Arthorin Adalat chattogram which allowed the appeal and set aside the judgment of subordinate court. Against this appellate judgment, no step has been taken the opposite parties. Since the subject matter and the parties are same in both suits and the former suit was finally decided so this suit is barred by res judicata and the plaint shall liable to be rejected.

The petitioner also raised the question of limitation and prayed rejection of the plaint on ground of limitation.

But it appears to me that barred by res-judicata is mixed question of law and facts and it necessitates true investigation and the plaint shall not be rejected unless it is so clear from the meaningful reading of the plaint that no further evidence is required. The plaint cannot be rejected as the court is to look into

the statements of the plaint alone. The plaint does not show any such statement by which it can be inferred that the suit is barred by res judicata. It is now well settled that in considering an application filed under order 7 Rule 11 of the code there is no chance for the court to go beyond the averments made by the plaintiff in his plaint. Even there is no scope here to take into consideration any facts stated in the written statements or any documents produced by the defendants. From a reading of the averments made by the plaintiff in their plaint and the reliefs claimed in the suit I am of the opinion that the contents of the plaint do disclose the cause of action for filing the suit. I find nothing in the plaint to suggest that the suit is barred by any law.

Thus I am of the view that as the petitioner raises the question of res-judicata and limitation so it cannot be decided mere reading of the plaint. Conclusive decision as to whether the suit is barred by limitation or res judicata is to be reached only after full trial. In support of this stands I would like to cite a decision of the Hon'ble Appellate Division in the case of **Sremati Pushpa Rani Das Vs.A.K.M Habibur Rahman & others reported in 13 BLD (AD) 217** in which it has been held that question of res judicata cannot be decided from a reading of the plaint and should be decided at the trial. Thus I am of the view that the question of res judicata raised in the application under Order 7 rule 11 are mixed questions of law and fact which need through investigation on adequate evidence for arriving at a correct decision. Since the petitioner would get a chance to agitate the question at the time of trial of the suit so the petition merits no consideration.

Court Fee paid is correct.

Hence

It is Ordered

This petition dated 21.09.2017 under order 7 Rule 11 of the Code is hereby rejected without any order as to cost.

To-----------------------for filing of W/S.

**Dictated & Corrected by me**.

Senior Asst. Judge**, 2nd** Court.
Patiya, Chattogram.

Senior Asst. Judge**, 2nd** Court,
Patiya, Chattogram

উপস্থিত- ঃ- মোঃ হাসান জামান, সিনিয়র সহকারী জজ,
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত, পটিয়া, চট্টগ্রাম।

**আদেশ নং- ২২**

**তারিখ-২২/০২/২০২২**

অদ্য ধার্য তারিখ নহে। বাদীপক্ষ একখানা দরখাস্ত দাখিল করে নথি উপস্থাপনের প্রার্থনা করেন।

নথি উপস্থাপনের অনুমতি দেওয়া হলো।

এখন নথি উপস্থাপনের আবেদনের প্রেক্ষিতে নথি শুনানীর জন্য নেওয়া হলো।

বাদীপক্ষের বিজ্ঞ আইনজীবী দেওয়ানী কার্যবিধি ১৯০৮ এর আদেশ -৩৯ বিধি- ১ ও ২ এর বিধান মতে আনীত দরখাস্ত শুনানী পূর্বক অন্তবর্তীকালীন নিষেধাজ্ঞার প্রার্থনা করেন।

রেকর্ড দেখলাম এবং উহাতে প্রদত্ত নোট দৃষ্টে দেখা যায় এ বিষয়ে কোন মামলা চলমান নেই।

বাদীপক্ষের বিজ্ঞ আইনজীবী ফিরিস্তিযোগে কিছু কাগজাদি দাখিল করেছেন যা নথিতে সামিল রাখা হোক।

এখন দেখা যাক, বাদীপক্ষ কর্তৃক দাখিলী এফিডেভিট দ্বারা সমর্থিত দরখাস্ত বর্নিত বক্তব্য ও দাখিলী কাগজাদির ভিত্তিতে এ পর্যায়ে সংশ্লিষ্ট বিবাদীদের বিরুদ্ধে নোটিশ ইস্যুর পূর্বেই কোন অন্তবর্তীকালীন নিষেধাজ্ঞার আদেশ প্রদান করা যায় কিনা ?

বাদীপক্ষের মামলার মূল বক্তব্য এই যে, 'ক' তফসিল বর্নিত নালিশী সম্পত্তির মূল মালিক ছিলেন মুহুরী বিবি। তার মৃত্যুতে উক্ত সম্পত্তিতে তার ওয়ারিশ দুই পুত্র ও তিন কন্যা মালিকানা অর্জন করে। ------------------------------------------------------------। সর্বশেষ বি.এস জরিপ বাদীপক্ষের নামে শুদ্ধভাবে লিপিবদ্ধ হয়। এরই মধ্যে ৫-৮ নং বিবাদীর উক্ত সম্পত্তিতে লোলুপ দৃষ্টি পড়ে এবং গত ২২/০২/২০২২ ইং তারিখে বিবাদীগণ নালিশী ক তফসিল সম্পত্তি দাবি পূর্বক বাদীর স্বত-স্বার্থ বিষয়ে প্রশ্ন উত্থাপন করে। উক্ত প্রেক্ষিতে বাদী অত্র নিষেধাজ্ঞার দরখাস্ত আনয়ন করেন।

বাদীপক্ষ কর্তৃক দাখিলী আরজি, এফিডেভিট সমর্থিত দরখাস্ত ও দাখিলী কাগজাদি পর্যালোচনা করলাম।

বাদীপক্ষ তার দাবি সমর্থনে গত ২০/০২/১৯৯০ ইং তারিখে হেবা দলিল, আর এস -২০৯ নং খতিয়ান, বি এস -২০৪৪ নং খতিয়ান, ডি.সি আর ও খাজনা রশিদ এবং জমা খারিজ খতিয়ান নং ২২০ দাখিল করেছেন।

দাখিলীয় কাগজাদি পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, তর্কিত তফসিলভুক্ত সম্পত্তি এখনো সুনির্দিষ্টভাবে বিভাজিত হয়নি। এ পর্যায়ে, যদি বাদীপক্ষের অনুকুলে কোন আদেশ প্রদান করা হয় তাহলে পরবর্তীতে উভয়পক্ষের মধ্যে একাধিক মামলা-মোকদ্দমার উদ্ভবের সমূহ সম্ভাবনা রয়েছে। বিধায় বিলম্বের কারনে অস্থায়ী নিষেধাজ্ঞা উদ্দেশ্য যাতে ব্যাহত না হয়, সেকারনে তর্কিত সম্পত্তিতে অন্তবর্তীকালীন নিষেধাজ্ঞা আকারে স্থিতবস্থা (Status quo) বজায় রাখার আদেশ প্রদান যথোপযুক্ত হবে বলে আমি বিবেচনা করি।

অতএব, আদেশ হয় যে,

বাদী ও বিবাদী উভয়পক্ষকে আগামী ২০.০২.২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত নালিশী সম্পত্তিতে আকৃতি ও প্রকৃতি এবং দখল বিষয়ে স্থিতবস্থা (Status quo) বজায় রাখার নির্দেশ প্রদান করা হলো।

বিবাদী পক্ষের প্রতি নোটিশ ইস্যু করা হোক। বিবাদীপক্ষকে নোটিশ প্রাপ্তির ১৪ দিনের মধ্যে কেন তাদের বিরুদ্ধে অত্র মামলার তফসিলভুক্ত সম্পত্তি বিষয়ে অস্থায়ী নিষেধাজ্ঞার আদেশ প্রদান করা হইবে না তৎমর্মে কারন দর্শাতে বলা হইল।

সত্বর রিকুইজিট দাখিল করা হোক।

**Present- Md. Hasan Zaman, Senior Assistant Judge,**
**Patiya, Chattogram**

| | |
|---|---|
| **Order No- 09**<br>**Date-21.04.2022** | Today is fixed for hearing of petition dated 21.09.2020 and 21.09.2020.<br><br>The petitioner and the opposite parties are present by filing hazira.<br><br>defendant no 18 files hazira and files a petition under Order VII, Rule -11 of CPC praying for rejection of plaint.<br><br>Now the record is taken up for hearing of both petitions.<br><br>Ld. Advocate for the plaintiff petitioner moves before the court the petition dated 21.09.2020 under Order VII, Rule -11 of CPC for rejection of the Misc petition on the grounds stated therein. |

The record is taken for order. Heard learned advocate for both parties. Perused the petition under Order VII Rule-11 of CPC and the petition under Order-9, Rule-13 of CPC.

On perusal of the petition, it appears that the defendant-petitioner filed the instant Misc Case **No. 06 of 2020** praying for revival of the original Other Suit no. 412/2011 by setting aside the ex-party decree passed on 13.01.2020 by this court. The petitioner has prayed for rejection of this Misc petition on the ground that the petition is not maintainable in the present form. The petitioner claims that the petitioner of the Mis case filed the petition on false statements. In spite of appearing in the original suit and contested as defendants they totally denied not to receive any summon notice of the original suit. The Misc case petition has legs to stand for this it is liable to be rejected.

But it is my considered view that such petition under Order-VII Rule-11 is not maintainable in case of Misc Petition brought under Order-9 Rule-13. Because the Misc petition cannot be treated as Plaint of an original suit for which petition under Order-& Rule-11 is applicable.

Court Fee paid is correct.

Hence

It is Ordered

This petition dated 21.09.2020 under order 7 Rule 11 of the Code is hereby rejected without any order as to cost.

Now the record is taken up for hearing of the amendment petition dated 25.09.2020 brought by defendant petitioner.

. Ld. Advocate for the petitioner submitted that the amendment sought for by the petitioner is formal in nature and will not change the nature and character of the suit in any manner and it is necessary for determining the real question

in controversy between the parties. As such, Ld. Advocate prayed for allowing the instant application.

Perused the instant petition and other materials on record. On perusal, it appears that the amendment sought by the plaintiff is necessary and should be accepted for determining the real question of controversy and for proper adjudication of the matter.

Hence, it is O R D E R E D

that the application filed by the petitioner dated 25.09.2020 under Section Order- 6 Rule- 17 is hereby considered and allowed.

Let the petition be amended in terms of the contents of the petition.

B.A is directed to do the needful and after putting necessary note,

To----------------------------------

**Dictated & Corrected by me**.

| | |
|---|---|
| Senior Asst. Judge**, 2nd** Court. | Senior Asst. Judge**, 2nd** Court, |
| Patiya, Chattogram. | Patiya, Chattogram |

অদ্য বিবাদী/প্রতিপক্ষ কর্তৃক দাখিলী ১৩/০৬/২০২২ তারিখের দরখাস্ত সহ দেওয়ানী কার্যবিধির আদেশ-৭ বিধি -১১ অধীন আনীত দরখাস্ত শুনানীর জন্য দিন ধার্য আছে। প্রার্থী ও প্রতিপক্ষ পৃথক হাজিরা দাখিল করেছেন।

প্রার্থীপক্ষ দেওয়ানী কার্যবিধির আদেশ-৬ বিধি-১৭ মোতাবেক অপর এক দরখাস্ত আনয়ন পূর্বক আরজি সংশোধনের প্রার্থনা করেছেন।

নথি শুনানীর জন্য গ্রহন করলাম। উভয়পক্ষের বিজ্ঞ কৌশুলির বক্তব্য শ্রবন করলাম।

বিবাদী-প্রতিপক্ষের বিজ্ঞ কৌসুলি আরজি খারিজের সমর্থনে নিবেদন করেন যে, অত্র মামলাটি আইনত রক্ষনীয় নয়। কেননা মুসলিম আইনের বিধান মতে মুসলিম হক শুফার দাবি উত্থাপনের ক্ষেত্রে প্রার্থীকে মৌরশীসূত্রে সহ-শরীক হতে হবে এবং আইনে নির্দিষ্ট আনুষ্ঠানিকতা পালন করতে হবে। যেমন বাদীকে প্রকাশ্যে অতি স্বত্বর তলবী মোসিবত হিসাবে লম্পঝম্প দিয়ে বুক চাপড়াইয়া অগ্রক্রয়ের দাবি করিতে হবে এবং ০২ জন সাক্ষীর উপস্থিতিতে তলবী ঈশাদ প্রতিপালন করিতে হবে। প্রার্থীপক্ষ এই দুইটি অত্যাবশ্যকীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন না করে তফসিলী সম্পত্তির অগ্রক্রয়ের প্রার্থনা করেছেন। যার ফলে, প্রতিপক্ষ মামলাটি অরক্ষনীয় মর্মে দাবি করেন এবং আরজি খারিজের প্রার্থনা করেছেন।

আলোচনার পূর্বে প্রার্থীপক্ষের দাখিলী আরজি পড়ে নেওয়া যাক। আরজির মূল বক্তব্য হলো- তফসিলী সম্পত্তির আর এস রেকর্ডীয় মালিক আন্নর আলী ও মকবুল আলী। আর এস ২৩৪৮ ও ১২০৬ খতিয়ান তাদের নামে হয়। আন্নর আলীর মৃত্যুতে ০২ পুত্র সৈয়দ আহমদ ও ফজল আহমদ ওয়ারীশ থাকে। পরবর্তীতে বি এস ১৫২৮ নং খতিয়ান তাদের নামে প্রচারিত হয়। ফজল আহমদ তার প্রাপ্ত সম্পত্তি ২৩/০৪/৮১ তারিখে তৎ স্ত্রী মরিয়ম খাতুন বরাবর হেবা করেন। বিএস ১৮৯৫ খতিয়ানের মালিক নূর আহম্মদ মারা গেলে এক পুত্র আঃ কুদ্দুস ও ০৩ কন্যা ওয়ারীশ বিদ্যমান থাকে। আব্দুল কুদ্দুস ০৯/০৮/১৯৮৬ তারিখে কবলা মুলে কতেক সম্পত্তি ফজল আহমদের পুত্র নুরুল ইসলাম বরাবর হস্তান্তর করেন। উক্ত নুরুল ইসলাম উক্ত সম্পত্তি ০৩/১০/৮৮ ইং ও ৩১/০১/১৯৯০ ইং তারিখে দুই দলিলে প্রার্থীকগনের মাতা মরিয়ম খাতুন বরাবর রেজিস্টার্ড কবলামুলে হস্তান্তর করেন। মরিয়ম খাতুনের নামে বি এস নামজারি ৪৪৪৩ নং খতিয়ান সৃজন হয়। প্রার্থীকগনের পিতার ০২ স্ত্রী ছিল। প্রার্থীক গণ ২য় স্ত্রী মরিয়ম বেগম এর গর্ভজাত সন্তান। প্রার্থীকগনের পিতা তাদের প্রাপ্য স্বত্ব স্বার্থ স্ত্রী মরিয়ম খাতুন কে ২৩/০৪/১৯৮১ তারিখে ২১০২ নং হেবা দলিলমুলে হস্তান্তর করেন। উক্ত হেবাদলিল সম্পাদনের ৬০/৭০ বছর আগ থেকে তারা নালিশী সম্পত্তিতে বসতবাড়ি নির্মানে ও ফসল উৎপাদন ও পুকুরে মৎস জিয়ানে ভোগদখলে আছেন।

আরজিতে আরো উল্লেখ করা হয়েছে যে, প্রার্থীকের মাতা দীর্ঘদিন যাবত কঠিন রোগে আক্রান্ত হয়ে ভারসাম্যহীন অবস্থায় রয়েছে। প্রার্থীকগণের ভ্রাতা মোঃ সেলিম উদ্দিন প্রার্থীকের মাতাকে চট্টগ্রাম শহরে

চিকিৎসার কথা বলে নিয়ে চট্টগ্রাম সদর সাব-রেজিষ্ট্রি অফিসে নিয়ে বিগত ০৮/১২/২০২১ ইং তারিখে কথিত ১৬৬৯৪ নং দলিল সৃজন করে।

বিগত ১৫/১২/২০২১ খ্রিঃ তারিখে ১-৪ নং প্রতিপক্ষগণ মালিকানা দাবি করিয়া প্রার্থীকগনের ঘর ভাঙচুর করিতে আসলে প্রার্থীকগণ তাদেরকে বাধা প্রদান করেন। তখন প্রতিপক্ষগণ উক্ত সম্পত্তি তাদের মাতা হতে খরিদ করেছেন মর্মে জানান। প্রার্থীকগণ বিগত ২৩/১২/২০২১ খ্রিঃ তারিখে উক্ত কবলার সহিমুহুরী নকল সংগ্রহ করে বিক্রয়ের বিষয়টি অবগত হন। রউক্ত কবলার বিষয়ে জানতে পারে। নালিশী ভুমিতে প্রার্থীকগনের ঘর রয়েছে এবং পরিবার পরিজন নিয়ে বসবাস করে আসিতেছে। নালিশী ভুমিতে প্রতিপক্ষগণ আগুন্তক ব্যাক্তি হয়। প্রার্থীকগণ বিরোধীয় কবলার সহিমুহুরী নকল হতে বিক্রয়ের বিষয়ে অবগত হবার পর প্রতিপক্ষগণকে তৎক্ষনাৎ কবলার মূল্য ক্ষতিপূরণসহ প্রদানের জন্য বারবার যাচনা পূর্বক কবলার বিষয়ে সুফা বা অগ্রক্রয়ের দাবি উত্থাপন করেছে। প্রতিপক্ষগণ কবলা না দেওয়ায় অত্র মামলায় আনয়ন করেছেন।

মূল আলোচনায় যাবার আগে সংশ্লিষ্ট বিধান এক নজর দেখে নেওয়া যাক

Section 236 of Mohammadan Law provides-

"No person is entitled to the right of pre-emption unless-

> "(1) he has declared his intention to assert the right immediately on receiving information of the sale. This formality is called **talab-imowasibat** (literally, demand of jumping, that is , immediate demand): and unless
>
> (2) he has with the least practicable delay affirmed the intention, referring expressly to the fact that the **talab-i-mowasibat** had already been made and has made a formal demand-
>
> > (i) either in the presence of the buyer, or the seller, or on the premises which are the subject of sale and
> >
> > (ii) in the presence at least of two witnesses. This formality is called **talab-i-ishhad** (demand with invocation of witnesses)--------------------------------.''

বাদীপক্ষের দাখিলী আরজির বক্তব্য নিবিড়ভাবে পর্যালোচনায় দেখা যায়, প্রার্থীপক্ষ সর্বপ্রথম ১৫/১২/২০২১ খ্রিঃ তারিখে কথিত কবলার বিষয়ে জানতে পারেন যখন ১-৪ নং প্রতিপক্ষ প্রার্থীকগনের ঘর ভাঙচুর করতে এসেছিল। সেদিন প্রতিপক্ষ দলিলের একখানা ফটোকপি প্রার্থীপক্ষকে দেখিয়েছিলেন। সেদিন তারা কোন অগ্রক্রয়ের দাবি করেননি। পরবর্তীতে ২৩/১২/২০২১ ইং তারিখে তর্কিত কবলার সহিমুহুরী নকল সংগ্রহের পর প্রার্থীগণ বিক্রির বিষয়ে চুড়ান্তভাবে অবগত হন এবং উক্ত তারিখে প্রার্থীপক্ষ প্রতিপক্ষগণকে তৎক্ষনাৎ কবলার মূল্য ক্ষতিপূরণসহ প্রদানের জন্য বারবার যাচনা পূর্বক কবলার বিষয়ে সুফা বা অগ্রক্রয়ের দাবি উত্থাপন করেন। আরজির এরুপ বক্তব্য হতে প্রতীয়মান হয় যে, প্রার্থীকগণ মুসলিম হক শুফার অত্যাবশ্যকীয় আনুষ্ঠানিকতা যেমন **তলবে মুয়াসিবাত** (বিক্রির তথ্য অবগত হবার সঙ্গে সঙ্গে অধিকার

দাবি করার বিষয়ে নিজের অভিপ্রায় প্রকাশ করতে হবে) এবং **তলবে ইশহাদ** ( তলবে মুয়াসিবাত এর পর পরই দুইজন সাক্ষীর উপস্থিতিতে ক্রেতা বা বিক্রেতার নিকট অথবা সংশ্লিষ্ট জমির উপর দাঁড়াইয়া তলবে মুয়াসিবাত এর বিষয়টি সুস্পষ্ঠভাবে উল্লেখ করে আনুষ্ঠানিকভাবে জমি ক্রয়ের দাবি জানাতে হবে) যথাযথভাবে পালন করেননি। আরজিতে এ বিষয়ে সুনির্দিষ্টভাবে কিছু বলা নেই। উক্ত আনুষ্ঠানিকতা নিয়মানুযায়ী পালন না করায় প্রার্থীপক্ষ নালিশী সম্পত্তি বিষয়ে হক শুফার অধিকারী হবেন না। আইনত প্রার্থীপক্ষের আনীত দরখাস্ত অরক্ষনীয় বলে আমি বিবেচনা করি। ইহা দিনের আলোর মত পরিষ্কার যে, এই মামলায় প্রার্থীপক্ষ ভবিষ্যতে কোন প্রতিকার পাওয়ার সম্ভবনা নেই। সুতরায় মামলাটি আর সম্মুখে অগ্রসর না করে এ পর্যায়ে কবরস্থ করা সমীচীন হবে বলে আমি মনে করি। আরজি খারিজ বিষয়ে আপীল বিভাগের একটি সিদ্ধান্ত এখানো প্রণিধানযোগ্য। মাননীয় আপীল বিভাগ 53 DLR (AD) page 12 , 20 BLD (AD) 278 এ প্রকাশিত মামলায় এরুপ সিদ্ধান্ত দিয়েছেন যে, " **It is now a settled principle of law that if the continuation of the suit is found to be an abuse of process of the court , if the suit is foredoomed or if the ultimate result of the suit is as clear as daylight , the suit should be buried at its inception by rejecting the plaint by invoking the inherent powers of the court.** "

সার্বিক বিবেচনায় অত্র মামলাটি মুসলিম শরীয়া আইনের হক শুফার সংশ্লিষ্ট বিধানানুসারে আনীত না হওয়ায় এবং প্রার্থীপক্ষ ভবিষ্যতে কোন ইতিবাচক ফলাফল পাওয়ার সম্ভাবনা না থাকায় আদালতের সহজাত ক্ষমতার অনুবলে দাখিলী আরজি খারিজযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

অতপর নথি আরজি সংশোধনীর দরখাস্ত শুনানীর জন্য নেওয়া হলো। প্রার্থীপক্ষের উক্ত সংশোধনী দরখাস্ত পর্যালোচনায় দেখা যায়, প্রার্থীপক্ষ কথিত ঘর ভাঙচুরের দিন অর্থাত ১৫/১২/২০২১ ইং তারিখে তলবে মুয়াসিবাত এবং সহিমুহুরী নকল প্রাপ্তির পরদিন অর্থাত ২৪/১২/২০২১ ইং তারিখ তলবে ইশহাদ পালন করিয়াছে উল্লেখে আরজি সংশোধনের নিবেদন করেছেন। ইহাতে কোন সন্দেহ নেই যে তলবে মুয়াসিবাত ও তলবে ইশহাদ অগ্রক্রয়ের অধিকার প্রয়োগের অত্যাবশ্যকীয় উপাদান। আরজি দায়েরের সময় এই দুইটি উপাদান আরজিতে ছিল না। এখন আরজি সংশোধনের মাধ্যমে উক্ত দুইটি উপাদান সংযোজন মানেই হলো ইহা পশ্চাতচিন্তার (afterthought) ফসল যা গ্রহনযোগ্য নয় মর্মে বিবেচনা করি। আরজিতে উক্ত দুইটি উপাদানের অনুপস্থিতি অবশ্যই প্রার্থীপক্ষের বড় দূর্বলতা বা শূন্যস্থান (Lacuna) ছিল যা আরজি সংশোধনের মাধ্যমে পূরনীয় নয়। এ বিষয়ে 10 BLT (AD) 132 এ প্রচারিত মামলায় এরুপ সিদ্ধান্ত এসেছে যে, কোন শূন্যস্থান (Lacuna) পরিপূর্ণ করার উদ্দেশ্যে প্লিডিংস সংশোধন করা যাবে না। সার্বিক বিবেচনায় প্রার্থীপক্ষের আনীত আরজি সংশোধনের দরখাস্ত নামঞ্জুরযোগ্য মর্মে বিবেচনা করি।

অতএব

আদেশ হয় যে,

প্রার্থীপক্ষের আনীত অদ্যকার আরজি সংশোধনের দরখাস্ত নামঞ্জুরক্রমে দাখিলী আরজি দেওয়ানী কার্যবিধির আদেশ ৭ বিধি-১১ মোতাবেক খারিজ করা হলো।

সেই সাথে ইতোপূর্বে অত্র আদালত কর্তৃক প্রচারিত অন্তবর্তীকালীন অস্থায়ী নিষেধাজ্ঞার আদেশ বাতিল করা হলো।

বেঞ্চ সহকারীকে এ বিষয়ে প্রয়োজনীয় নোট প্রদানের নির্দেশ প্রদান করা হলো।